



স্মারক নং- ৩১.৪২.১৫৪৭.০০০.০০.০০২.২৩-৭৪৭


তারিখ : ২৮.১১.২০২৩ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৭/১১/২০২৩ খ্রি. রোজ সোমবার সকাল ১১.০০ (এগারো) ঘটিকায় অনুষ্ঠিত নিলামে উপযুক্ত বাজারমূল্য না পাওয়ায় আগামী ২৯/১১/২০২৩ খ্রি. রোজ বুধবার সকাল ১২.০০ (বারো) ঘটিকায় চুনতি ৮ নং ওয়ার্ড, লাম্বাশিয়া পাহাড় সাতগড় জিরি হতে জন্মকৃত আনুমানিক ৩,৫০,০০০ লক্ষ ঘনফুট বালু জনসম্মুখে নিলামকারীর কার্যালয়ে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে পুনঃনিলামের বিজ্ঞপ্তি প্রদান করা হলো।

শর্তসমূহঃ

০১. আগামী ২৯/১১/২৩ খ্রি. তারিখ সকাল ১১.০০ (এগারো) ঘটিকায় নিলামকারীর দপ্তরে নিলামে অংশগ্রহণে অগ্রহী সকলকে জাতীয় সনদ পত্র ও ফেরতযোগ্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নগদে জমা দিয়ে নিলামে অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত করতে হবে।
০২. নিলাম ডাকে সর্বোচ্চ দরদাতা নিলামকৃত সম্পূর্ণ টাকা ১ (এক) কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় নিলাম বাতিল ও জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।
০৩. নিলাম ডাকে সর্বোচ্চ দরদাতা নিলামকৃত সম্পূর্ণ টাকা পরিশোধ করার পর তাকে কার্যাদেশ প্রদান করা হবে।
০৪. নিলামকৃত স্থানে পুনরায় ড্রেজার/পাম্প মেশিন বা অন্য কোন উপায়ে বালু উত্তোলন করা যাবে না মর্মে ৩০০ টাকার স্ট্যাম্প দিতে হবে।
০৫. নিলামকৃত স্থানে পুনরায় কেউ বালু উত্তোলন/ পরিবেশের ক্ষতিসাধন করলে নিলামকারীকে দোষী হিসেবে গণ্য করা হবে এবং তাৎক্ষণিকভাবে নিলাম বাতিল করে আইনানুযায়ী নিলামকারীর বিরুদ্ধে সর্বোচ্চ ফৌজদারীব্যবস্থাসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৬. নিলামকৃত বালু আগামী ০৫/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিলামকৃত স্পট হতে আবশ্যিকভাবে অপসারণ করতে হবে। কোনক্রমে পরবর্তীতে নিলামের মেয়াদ বাড়ানো হবে না।
০৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম কার্যক্রম আংশিক/সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।


২৮/১১/২০২৩

নাজমুন লায়েল

সহকারী কমিশনার (ভূমি)

লোহাগাড়া, চট্টগ্রাম

ও

আহবায়ক

অবৈধভাবে উত্তোলিত বালু নিলাম ও বন সংরক্ষণ কমিটি

লোহাগাড়া, চট্টগ্রাম।